



স্মারক নম্বর: ৪১.০১.১৮৫৫.০০০.০০০.২৫.০০০৩.২৬.২০০

তারিখ: ১ ভাদ্র ১৪৩৩
১৬ আগস্ট ২০২৬

বিষয়: ২০২৬-২৭ অর্থবছরে নিবন্ধিত স্বৈচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংগঠনসমূহের অনুদানের আবেদন অনলাইনে দাখিল সংক্রান্ত।

সূত্র: স্মারক নং-৪১.০৩.০০০০.০০০.০৮১.৩২(৯).০৭৯.২৬.১৪৭১ তারিখ: ১৪/০৭/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জীবননগর উপজেলার সকল নিবন্ধিত স্বৈচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক ২০২৬-২৭ অর্থবছরের অনুদান প্রদানের নিমিত্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। উক্ত অনুদানের জন্য নির্ধারিত ১০০/- (একশত) টাকা আবেদন ফি অনলাইনে পরিশোধপূর্বক সম্পূর্ণ আবেদন দাখিল করতে হবে। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

এমতাবস্থায়, অনুদান গ্রহণে আগ্রহী নিবন্ধিত সংস্থাসমূহকে আগামী ৩১ আগস্ট ২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত চেকলিস্ট অনুযায়ী প্রয়োজনীয় কাগজ-পত্রাদি প্রস্তুত করে অনলাইনে আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

অনলাইনে আবেদনের চেকলিস্ট:

- ০১। সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত হতে হবে;
- ০২। অডিট ফর্ম কর্তৃক আয় ও ব্যয়ের নিরীক্ষা থাকতে হবে;
- ০৩। চলমান ও বাস্তবায়িত কর্মসূচির সংক্ষিপ্ত বিবরণ থাকতে হবে;
- ০৪। হালনাগাদ গঠনতন্ত্র থাকতে হবে;
- ০৫। বাৎসরিক আর্থিক প্রতিবেদন/বাজেট বিবরণী থাকতে হবে;
- ০৬। এখতিয়ারভুক্ত এলাকায় ভাড়া বা স্থায়ী কার্যালয় থাকতে হবে;
- ০৭। নিবন্ধন প্রাপ্তির পর কমপক্ষে একবছর কার্যক্রম পরিচালিত হতে হবে;

অনলাইনে আবেদনের ঠিকানা:

<http://114.130.119.224/portal/voluntary-social-welfare-institutions>.

১৬-০৮-২০২৬
মোঃ জাকির উদ্দিন মোড়ল
উপজেলা সমাজসেবা অফিসার

সভাপতি/সাধারণ সম্পাদক.....
জীবননগর, চুয়াডাঙ্গা।

স্মারক নম্বর: ৪১.০১.১৮৫৫.০০০.০০০.২৫.০০০৩.২৬.২০০/১ (৪)

তারিখ: ১ ভাদ্র ১৪৩৩
১৬ আগস্ট ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (উপসচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর, খুলনা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জীবননগর, চুয়াডাঙ্গা।
- ৩। উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, চুয়াডাঙ্গা।
- ৪। অফিস, কপি।



১৬-০৮-২০২৬

মোঃ জাকির উদ্দিন মোড়ল
উপজেলা সমাজসেবা অফিসার